যুগান্তর
প্রিন্ট: ০৫ জুলাই ২০২৬, ১০:২০ এএম

জাতীয়

# আপত্তিকর ভিডিও: বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত, এমপিও স্থগিত

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৪ জুলাই ২০২৬, ০৬:২১ পিএম






**পরবর্তী খেলাসমূহ**

| | | |
|---|---|---|
| সোমবার ৬ জুলাই ২০২৬ | | [শেষ ১৬] রাত ২টা |
| নরওয়ে | – | ব্রাজিল |
| মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি, যুক্তরাষ্ট্র | | |
| সোমবার ৬ জুলাই ২০২৬ | | [শেষ ১৬] সকাল ৬টা |
| মেক্সিকো | – | ইংল্যান্ড |
| এস্তাদিও আজতেকা, মেক্সিকো সিটি, মেক্সিকো | | |

সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার নুকালি বহুপার্ষিক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিনের একটি আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ও বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হওয়ার পর তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। একই সঙ্গে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তার এমপিও (মাসিক বেতন-ভাতা) স্থগিত করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ভিডিওতে ওই প্রধান শিক্ষককে নেশাগ্রস্ত অবস্থায় অশোভন আচরণ ও অসংলগ্ন কথা বলতে দেখা যায়। বিষয়টি গণমাধ্যমে প্রকাশ ও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

পরবর্তীতে স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাধ্যমিক স্কুল শিক্ষকদের চাকরির শর্ত বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সঙ্গে তদন্ত ও পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তার এমপিওও স্থগিত রাখা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় বলেছে- এ ধরনের কর্মকাণ্ড আপত্তিকর, অনৈতিক ও শৃঙ্খলাবিরোধী। এতে শিক্ষক সমাজের মর্যাদা ক্ষুণ্ন হয়েছে। তাই শিক্ষাপ্রতিষ্ঠানে শৃঙ্খলা ও নৈতিকতা বজায় রাখতে এ ধরনের আচরণের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হয়েছে।